

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৩৮ ১/ বিবিধ

আরবী

إذا وضعت المائدة فلا يقوم رجل حتى ترفع المائدة، ولا يرفع يده وإن شبع حتى يفرغ القوم، وليعذر فإن الرجل يخجل جليسه فيقبض يده وعسى أن يكون له في الطعام حاجة

ضعیف جدا

أخرجه ابن ماجه (2 / 309) من طريق عبد الأعلى عن يحيى بن أبي كثير عن عروة بن الزبير عن ابن عمر مرفوعا

قال البوصيري في " الزوائد " (4 / 14) : في إسناده عبد الأعلى بن أعين وهو ضعيف قلت: بل ضعيف جدا، قال أبو نعيم: روى عن يحيى بن أبي كثير المناكير

قلت: وهذه منها

وقال الدارقطني: ليس بثقة، وقال ابن حبان: لا يجوز الاحتجاج به والجملة الأولى من الحديث رويت بإسناد آخر ولكنه ضعيف جدا أيضا

বাংলা

২৩৮। দস্তরখানা যখন বিছিয়ে দেয়া হবে তখন কোন ব্যাক্তি দস্তরখানা না উঠানো পর্যন্ত দাঁড়াবে না এবং তার হাত উঠবে না, যদি তৃপ্ত হয়ে যায় যতক্ষণ পর্যন্ত লোকেরা খাওয়া সম্পূর্ণ না করবে এবং ওযুহাত পেশ না করবে। কারণ ব্যাক্তি তার সাথির নিকট লজ্জাবোধ করে, ফলে সে তার হাতকে গুটিয়ে নেয় অথচ খ্যাদ্যে হয়ত তার আরও প্রয়োজনীয়তা ছিল।

হাদীসটি নিতান্তই দুর্বল।



এটি ইবনু মাজাহ্ (২/৩০৯) আব্দুল আলা সূত্রে ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে ... বর্ণনা করেছেন। বূসয়রী "আয-যাওয়াইদ" গ্রন্থে (৪/১৪) বলেছেনঃ হাদীসটির সনদে আব্দুল 'আলা ইবনু আউন রয়েছেন তিনি দুর্বল।

আমি (আলবনী) বলছিঃ বরং তিনি নিতান্তই দুর্বল। আবূ নু'য়াইম বলেনঃ তিনি ইয়াহইয়া ইবনু আবী কাসীর হতে মুনকার হাদীস বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ সেগুলো হতেই এটি একটি। দারাকুতনী বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। ইবনু হিব্বান বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। হাদীসটির প্রথম বাকটি অন্য সূত্রে বর্ণনা করা হয়েছে কিন্তু সেটও নিতান্তই দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন